সমকাল

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ২০ কলাম ৫

# নোটবই থেকে প্রশ্ন করলে সাসপেন্ড

## শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডে বাংলা প্রথম পত্রের প্রশ্ন হুবহু গাইড বই থেকে তুলে দেওয়া শিক্ষককে সাসপেন্ড ও তার বেতন-ভাতা বন্ধের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) গতকাল শনিবার কৃতী শিক্ষার্থী সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নিজেই এ তথ্য জানান।

ডিআরইউর সদস্যদের সন্তানদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলের জন্য এ সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, 'বিভিন্ন পত্রিকায় এসেছে, এবার জেএসসির একটি পরীক্ষায় নোট বই থেকে প্রশ্ন করা হয়েছে। আমি আগেই শিক্ষকদের বলেছিলাম, নোট বই থেকে প্রশ্ন করবেন না। আমি আজ (শনিবার) সকালেই নির্দেশ দিয়েছি, যিনি এ কাজ করেছেন, তাকে সাসপেন্ড করা হবে। তার সব বেতন-ভাতা বন্ধ করে দেওয়া হবে। ইনকোয়ারি করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' তিনি বলেন, '২৫ লাখ শিক্ষার্থীর জীবন তার এক প্রশ্নের

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## নোটবই থেকে

[১৯ পৃষ্ঠার পর]

মধ্যে আটকে যাচ্ছে। আমরা এটা সহ্য করতে পারি না। ওইটা (গাইড থেকে হুবহু প্রশ্ন) করার অর্থটা কী বোঝেন? ওই নোট বইটা রাতারাতি বিক্রি হয়ে যাবে।'

গত ১ নভেম্বর সারাদেশে একযোগে শুরু হয় অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের 'সমাপনী জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। প্রথম দিনই ছিল বাংলা প্রথম পত্রের পরীক্ষা। এ বছর জেএসসি ও জেডিসিতে মোট পরীক্ষার্থী ২৪ লাখ ১২ হাজার ৭৭৫ জন।